

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২২
আগরতলা, ২৭ মার্চ, ২০২১

বিমানবন্দর প্রাঙ্গণে শহীদ মঙ্গরাম দেববর্মার মরদেহে মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা জ্ঞাপন

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ সকালে মহারাজা বীরবিক্রম বিমানবন্দর প্রাঙ্গণে কাশ্মীরে সন্ত্রাসবাদীদের গুলিতে নিহত রাজ্যের বীর সন্তান মঙ্গরাম দেববর্মার মরদেহে পুষ্পার্ঘ্য অর্পণ করে বিনম্র শ্রদ্ধাজ্ঞাপন করেন। এরপর পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন সাংসদ প্রতিমা ভৌমিক, সি আর পি এফ ত্রিপুরা সেক্টরের আই জি পি সতপাল রায়োট, ডি আই জি বিজয় কুমার, ডি আই জি ইমরান মালিক, পশ্চিম জেলার জেলাশাসক ডা. শৈলেশ কুমার যাদব, মহারাজা বীরবিক্রম বিমানবন্দরের অধিকর্তা রাজীব কাপুর, সদর মহকুমা শাসক অসীম সাহা।

শ্রদ্ধাজ্ঞাপনের পর সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই ঘটনাকে অত্যন্ত হৃদয় বিদারক বলে উল্লেখ করেন। তিনি বলেন, মঙ্গরাম দেববর্মা ভারত মাতার কৃতি সন্তান। আমি এই বীর শহীদকে শ্রদ্ধা জানাই। যারা তাকে নির্মমভাবে হত্যা করেছে তাদের প্রতি তীব্র নিন্দা জানাই। তার বিদেহী আত্মার সদগতি কামনা করি এবং পরিবার পরিজনদের জানাই সমবেদনা। আমরা ত্রিপুরাবাসী, ভারতবাসী তার পরিবারের সাথে থাকব।

তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারতকে শক্তিশালী করার জন্য যেভাবে আমরা সম্মিলিতভাবে কাজ করছি এর যোগ্য জবাব পাবে সন্ত্রাসবাদীরা। এই সন্ত্রাসবাদীরা কাদের মদতপুষ্ট সেটা পুরো দুনিয়া জানে। আমাদের সামরিক বাহিনী হোক কিংবা আধা সামরিক বাহিনী, তারাও জবাব দিতে জানে। এটা বার বার প্রমাণিত হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকারের পক্ষ থেকে শহীদের পরিবারকে ৫ লক্ষ টাকা সহায়তা করা হবে। তাঁদের দৈনন্দিন জীবন কিভাবে চলতে পারে সে বিষয়ে রাজ্য সরকার চিন্তাভাবনা করবে।

এরপর সি আর পি এফ জওয়ানদের পক্ষ থেকে শহীদ জওয়ানকে গার্ড অব অনার দেওয়া হয়। উল্লেখ্য, শহীদ মঙ্গরাম দেববর্মা ১৯৮৮ সালে সি আর পি এফ-এর ৭৩ নং ব্যাটেলিয়ানে কনস্টেবল পদে যোগ দেন। ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি সাব ইন্সপেক্টর পদে পদোন্নতি পান। গত ২৫ মার্চ জম্মু-কাশ্মীরে সন্ত্রাসবাদীদের গুলিতে শহীদ হন। এই ঘটনায় হিমাচল প্রদেশের অশোক কুমার নামে অপর একজন কনস্টেবল (ড্রাইভার) শহীদ হন। শহীদ মঙ্গরাম দেববর্মার পরিবারে তার স্ত্রী মধুমলা দেববর্মা, ছেলে রাজেশ্বর দেববর্মা, দুই কন্যা শ্রীমিলা দেববর্মা ও সুষিমি দেববর্মা রয়েছে। তার বাড়ি গোমতী জেলার দক্ষিণ তৈদুতে।
